


যুগ্মাত্মক

চট্টগ্রাম কলেজ ছাত্রলীগ নেতার ওপর হামলা

প্রতিবাদে মিছিল ভাংচুর

প্রকাশ : ২৮ জুন ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



চট্টগ্রাম ব্যৱৰণ

অভ্যন্তরীণ বিরোধের জেরে চট্টগ্রাম কলেজ ছাত্রলীগ সাধারণ সম্পাদক সুভাষ মল্লিক সবুজের ওপর একদল যুবক হামলা করেছে। বুধবার রাত ১০টায় ওই কলেজের হোস্টেল গেটে এ ঘটনা ঘটে। যুবকরা রড দিয়ে আঘাত করলে সবুজের মাথা ফেটে রক্ত বের হয়। প্রতিবাদে তার অনুসারীরা মিছিল করেন এবং বেশকিছু দোকানপাটে ভাংচুর চালান। আহত সবুজকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।

ছাত্রলীগ নেতাদের অভিযোগ, চন্দনপুরার আওয়ামী লীগ নেতা রাউফ, বেলাল ও কায়সারের নেতৃত্বে কয়েকজন যুবক সোহরাওয়ার্দী ছাত্রাবাসের সামনে বসে থাকা সবুজকে ঘিরে ফেলে। হত্যার উদ্দেশ্যে তার মাথায় রড দিয়ে আঘাত করে সন্ত্রাসীরা পালিয়ে যায়। এদিকে ঘটনার প্রতিবাদে সবুজের অনুসারীরা জড়ো হয়ে দেবপাহাড় ও গুলজার মোড়ে বেশ কয়েকটি দোকান ভাংচুর করেন। এতে আতঙ্ক ছড়িয়ে পড়লে দোকানপাটসহ ব্যবসা প্রতিষ্ঠানগুলো বন্ধ হয়ে যায়। হামলার পর ছাত্রলীগের একদল নেতাকর্মী চট্টগ্রাম কলেজ থেকে মিছিল নিয়ে চকবাজার মোড়ে যায়। তারা সেখানে ৫টি দোকানে ভাংচুর করেন। পরে পুলিশ পরিষ্কৃতি নিয়ন্ত্রণে আনে। এ ঘটনায় বৃহস্পতিবার ১১ জনের নাম উল্লেখ করে চকবাজার থানায় মামলা করেছেন সবুজ। চকবাজার থানার ওসি নিজাম উদ্দিন জানান, হামলাকারীদের গ্রেফতারে পুলিশের অভিযান চলছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯। এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।